

বিদায় যখন চাইবে তুমি দক্ষিণসমীরে,  
 তোমায় ডাকব না তো ফিরে ।  
 করব তোমায় কী সম্ভাষণ,  
 কোথায় তোমার পাতব আসন  
 পাতাবরা কুসুমবরা  
 নিকুঞ্জকুটিরে ।  
 তুমি আপ্নি যখন আসো তখন  
 আপ্নি কর ঠাই,  
 আপ্নি কুসুম ফোটাও, মোরা  
 তাই দিয়ে সাজাই ।  
 তুমি যখন যাও চলে যাও  
 সব আয়োজন হয় যে উধাও,  
 গান ঘুচে যায়, রঙ মুছে যায়,  
 তাকাই অক্ষনীরে ॥

---

Parjaay: Prakriti / Basanta, Taal: Dadra, Raag: Bhairavi  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail